২১ আগস্ট, ২০২৫

# বিএনপি জুলাই সনদ নিয়ে দ্বিমত, সংবিধানের ওপর প্রাধান্য দেয়ার প্রস্তাবে আপত্তি



সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনে লিখিত মতামত জমা দিয়ে বিএনপি জানিয়েছে, সংবিধানের ওপরে জুলাই সনদ রাখা হলে তা খারাপ নজির সৃষ্টি করবে। এছাড়া সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতিতেও দলের দ্বিমত স্পষ্ট হয়েছে। শিগগিরই প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে দলটি আলোচনায় বসবে।

বিএনপি জাতীয় ঐকমত্য কমিশনে জুলাই সনদ নিয়ে লিখিত মতামত জমা দিয়েছে। দলটি পিআর পদ্ধতিতে দ্বিমত প্রকাশ করেছে এবং বলেছেন, সংবিধানের ওপর সনদ স্থাপন করা উচিত নয়। দলের মতে, কোনো রাজনৈতিক সমঝোতার দলিল সংবিধানের ওপরে রাখলে তা খারাপ নজির হবে এবং আদালতের মাধ্যমে প্রশ্ন তোলা সম্ভব হবে না।

কমিশন আগে রাজনৈতিক দলগুলোর কাছে জুলাই সনদের পূর্ণাঙ্গ খসড়া পাঠিয়েছিল। বিএনপি যুগপৎ আন্দোলনের মিত্রদের সঙ্গে আলোচনা এবং বিস্তারিত বিশ্লেষণের পর এ খসড়ার ওপর লিখিত মতামত জমা দিয়েছে। দলটি বুধবার (২০ আগস্ট) ই-মেইলের মাধ্যমে কমিশনে মতামত প্রেরণ করেছে।

মতামতে, নির্বাচনের স্বার্থে যতটা সম্ভব ছাড় দেয়া হয়েছে, তবে বিএনপি আশা করছে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে জুলাই সনদ প্রণীত ও কার্যকরভাবে বাস্তবায়িত হবে।

LENS ASIA